# মুখতাসার যাদুল মা‘আদ

বিভাগ/অধ্যায়ঃ অনুচ্ছেদ সমুহের সূচী ও বিবরন

রচয়িতা/সঙ্কলকঃ ইমাম ইবনুল কাইয়্যিম (রহঃ)

একই সলাতের দুই রাকআতে একই সূরা পাঠ করা এবং দ্বিতীয় রাকআতের প্রথম লম্বা করা

তাঁর সুন্নাত এই ছিল যে, কোন সলাতের এক রাকআতে তিনি পূর্ণ একটি সূরা পাঠ করতেন। কখনও তিনি একই সূরা উভয় রাকআতে পড়েছেন। নাবী (ﷺ) থেকে সূরার শেষাংশ বা মাঝখান থেকে পাঠ করার কথা বর্ণিত হয়নি। নফল সলাতের এক রাকআতে কখনও দুইটি সূরা পাঠ করতেন। ফরজ সলাতে তিনি কখনও এমনটি করেননি। একই সূরা একই সলাতের দুই রাকআতে খুব কমই পাঠ করতেন। তিনি প্রত্যেক সলাতের প্রথম রাকআত দ্বিতীয় রাকআতের তুলনায় অধিক লম্বা করতেন। তাঁর পবিত্র সুন্নাতের মধ্যে এটিও ছিল যে, যতক্ষণ পর্যন্ত জামাআতে শরীক হওয়ার উদ্দেশ্যে আগত মানুষের পায়ের আওয়াজ শুনতেন, ততক্ষণ পর্যন্ত তিনি সলাতের প্রথম রাকআতের কিরাআত লম্বা করতেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=3736

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন